



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ

www.plandiv.gov.bd



নম্বর: ২০.০০.০০০০.৩০৯.০২.০৭০.১৯.২৪

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩০

০২ অক্টোবর ২০২৩

প্রাপক:

বেগম শারমিন নাহার, পিএইচডি গবেষক

বিষয়: গবেষণার অগ্রগতির প্রতিবেদন জমাদান।

সূত্র: সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের স্মারক নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৭০.১৯/৩৩৬, তারিখঃ

২৩/০৫/২০২৩

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোক্তখিত শিরোনামের গবেষণাটি ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকায় পরিচালনা করার জন্য বিগত ১৮/০৩/২০২০ তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিনামা অনুযায়ী গবেষণার মেয়াদ ৩৬ (ছত্রিশ) মাস যা ১৭/০৩/২০২৩ তারিখে উত্তীর্ণ হয়েছে। পরবর্তীতে গবেষণার মেয়াদ ৩০/০৬/২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

০২। আপনি উপরোক্তখিত শিরোনামের পিএইচডি গবেষণাটি নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করার বিষয়ে চুক্তিবদ্ধ হলেও চুক্তির শর্ত অনুযায়ী কোন টার্ম রিপোর্ট অথবা আপনার পিএইচডি গবেষণার কোন প্রকার অগ্রগতি প্রতিবেদন/থিসিস দাখিল করেননি।

০৩। এমতাবস্থায়, আপনার গবেষণার মেয়াদ ৩০/০৬/২০২৩ তারিখে উত্তীর্ণ হওয়ায় নির্ধারিত সময়ের মধ্যে গবেষণার থিসিস পেপার সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে জমা দেয়া হলে তার কপি এ বিভাগে আগামী ১৫ দিনের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। অন্যথায় চুক্তিনামার “ঙ” অনুচ্ছেদ অনুযায়ী চুক্তি বাতিলের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

আপনার বিশ্বস্ত,

২-১০-২০২৩

মো: লুৎফর রহমান

গবেষণা কর্মকর্তা